CENTRAL LIBRARY N.C.COLLEGE

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGHCC–202T/168

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 2nd Semester )**

Course No. : BNGHCC–202T

**( উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক )**

*পূর্ণমান* : ৭০
উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। বিদ্যাসাগর রচিত যে কোনো দুটি মৌলিক গ্রন্থের নাম লেখো।

২। কোন্ নাট্যকার ও কোন্ প্রাচীন কবির কাব্য অবলম্বনে বিদ্যাসাগর 'সীতার বনবাস' রচনা করেন?

৩। বিদ্যাসাগরের ছদ্মনাম কী? এই ছদ্মনামে রচিত একটি গ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। 'বিবিধ প্রবন্ধ'-এর 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? দেস্‌দিমোনা কোন্ নাটকের চরিত্র?

৫। 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত? যে কোনো একটি পরিচ্ছেদের নাম লেখো।

৬। মিরন্দার সঙ্গে শকুন্তলার যে কোনো দুটি সাদৃশ্য উল্লেখ করো।

৭। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল? এটি ছাড়া মধুসূদনের অন্য একটি প্রহসনের নাম লেখো।

৮। কালীনাথ কে? তাঁর বন্ধুর নাম কী ছিল?

৯। 'একেই কি বলে সভ্যতা?'য় উল্লিখিত দুজন বারাঙ্গনার নাম উল্লেখ করো।

১০। 'নীলদর্পণ' কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? এই নাটকের ইংরেজি অনুবাদক কে?

১১। "ঘুঁটেকুড়ানীর ছেলে সদর নায়েব।" কে, কার সম্পর্কে এই কথা বলেছে?

১২। 'নীলদর্পণ' নাটকের দুজন নারীচরিত্রের নাম লেখো।





১৩। রবীন্দ্রনাথ 'বিসর্জন' নাটকটি কাকে উৎসর্গ করেছেন? গোবিন্দমাণিক্য কোথাকার রাজা ছিলেন?

১৪। 'বিসর্জন' নাটকে মোট কয়টি অঙ্ক আছে? নাটকটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের কাহিনি অবলম্বনে রচিত?

১৫। 'বিসর্জন' নাটকে গোবিন্দমাণিক্যের অনুজ ভ্রাতার নাম কী? নাটকটির মূল আখ্যানের সঙ্গে কোন্ মন্দিরের সম্পর্ক আছে?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। অনুবাদ-গ্রন্থ হিসেবে 'সীতার বনবাস' গ্রন্থটির মৌলিকতার দিকগুলো আলোচনা করো।

১৭। "বিদ্যাসাগরের সীতা চরিত্রটি করুণরসের আকর।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

১৮। বঙ্কিমচন্দ্রের প্রবন্ধ অনুসরণে গীতিকাব্যের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

১৯। "জীবের শত্রু জীব, মনুষ্যের শত্রু মনুষ্য, বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী।" 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২০। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে নবকুমার ব্যক্তিচরিত্র হলেও একটি শ্রেণির প্রতিনিধিত্ব করছে।" মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো।

২১। 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।

২২। 'নীলদর্পণ' নাটকের নবীনমাধব চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

২৩। 'নীলদর্পণ' নাটকে সমকালীন বাংলার সমাজ-ব্যবস্থার যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

২৪। কাব্যনাট্য হিসেবে 'বিসর্জন'-এর সার্থকতা বিচার করো।

২৫। 'বিসর্জন' নাটকের জয়সিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।

★★★